

কমন উপযোগী জ্ঞানমূলক প্রশ্নের উত্তরঃ

প্রশ্ন : ১। টিটি টিকা কোন রোগ থেকে রক্ষা করে?

উত্তরঃ টিটি টিকা ধনুষ্টংকার রোগ থেকে রক্ষা করে।

প্রশ্ন : ২। ডায়রিয়া কেমন রোগ?

উত্তরঃ ডায়রিয়া পানিবাহিত রোগ।

প্রশ্ন : ৩। কখন শিশুকে হামের টিকা দিতে হয়।

উত্তরঃ শিশুর বয়স ৯ মাস পূর্ণ হলে হামের টিকা দিতে হয়।

প্রশ্ন : ৪। কখন ম্যাম্পস রোগের পরিবর্তন সংক্রামক রোগ।

উত্তরঃ ম্যাম্পস ভাইরাসজনিত সংক্রামক রোগ।

প্রশ্ন : ৫। আমাদের দেহের স্বাভাবিক তাপমাত্রা কত?

উত্তরঃ আমাদের দেহের স্বাভাবিক তাপমাত্রা ৯৮.৪ ফারেনহাইট।

প্রশ্ন : ৬। ইনফ্লুয়েঞ্জা কী?

উত্তরঃ ইনফ্লুয়েঞ্জা হচ্ছে ভাইরাসজনিত বায়ুপ্রবাহিত একটি সংক্রামক ব্যাধি।

প্রশ্ন : ৭। ইপি আই এর মূল লক্ষ্য কী?

উত্তরঃ ইপিআই এর মূল্য লক্ষ্য হচ্ছে সংক্রামক রোগ থেকে শিশুদের অকালমৃত্যু ও পঙ্গুত্বরোধ করে।

৮। তৈরি করা স্যালাইন কত ঘন্টা রাখা যায়?

উত্তরঃ তৈরি করা স্যালাইন ১২ ঘন্টা রাখা যায়।

অনুধাবনমূলক প্রশ্নের উত্তরঃ

১। ইপিআই এর গুরুত্ব ব্যাখ্যা কর।

উত্তরঃ ইপি আই অথর্ বাংলাদেশ সরকারের স্বাস্থ্যসেবায় সম্প্রসারিত টিকাদান কর্মসূচির গুরুত্ব অপরিসীম।

রোগ প্রতিকারের চেয়ে প্রতিরোধই উত্তম। ইপি আই একটি বিশ্বব্যাপি কর্মসূচি যার মূল্য লক্ষ্য হচ্ছে সংক্রমণ রোগ থেকে শিশুদের অকাল মৃত্যু ও পঙ্গুত্ব রোধ করা। ত্ই বিশ্বব্যাপী রোগ প্রতিরোধের ওপর বিশেষ গুরুত্ব দেয়া হয়। এছাড়া রোগ হওয়ার আগে প্রতিরোধ করা অনেক সহজ ও কম ব্যয় সাপেক্ষ।

প্রশ্ন : ২। জ্বরে তরল খাদ্য দেওয়া হয় কেন? ব্যাখ্যা কর।

উত্তরঃ শরীরকে দুর্বলতা ও পুষ্টিহীনতা থেকে রক্ষা করতে জ্বরে তরল খাদ্য দেওয়া হয়।

জ্বরে ঘামের সাথে শরীর থেকে প্রচুর পানি সোডিয়াম ও পটাশিয়াম লবণ বের হয়ে যায় এবং রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস পায়। জ্বর হলে কোষকলা ক্ষয় হয়। তাই জ্বরে শরীরকে দুর্বলতা থেকে রক্ষা করতে ও অন্যান্য খাদ্য উপাদানের চাহিদা মেটাতে ফলের রস সবজির সুপ শরবত ডাবের পানি স্যালাইন ও অন্যান্য পুষ্টিকর তরল খাদ্য দেওয়া হয়।

প্রশ্ন : ৩। জ্বর হলে রোগীকে কেমন পথ্য দিতে হবে?

উত্তরঃ জ্বর হলে প্রোটিন ও অন্যান্য খাদ্য উপাদানের চাহিদা বৃদ্ধি পায়। এসময় মাছ ছোট মুরগি দুধ রুটি পাতলা করে দুধ সবজি সুপ নরম ভাত পাতলা ডাল নরম খিচুড়ি ইত্যাদি সহজপাচ্য খাবার দিতে হবে। এছাড়াও ফলের রস সবজির সুপ শরবত ডাবের পানি স্যালাইন ও অন্যান্য পুষ্টিকর খাবার খাওয়াতে হবে।

প্রশ্ন : ৪। টিটি টিকা কী ব্যাখ্যা কর।

উত্তরঃ ধনুষ্টংকার রোগথেকে রক্ষা পাওয়ার জন্য যে টিকা দেওয়া হয় তাই টিটি টিকা। ১৫-৪৯ বছর বয়সের সকল মহিলাকে এবং যে সকল শিশুর ডিপিটি বা পেন্টাভ্যালেন্ট টিকা নেওয়ার পর খিচুনি হয় তাদের এই টিকা দিতে হবে।

প্রশ্ন : ৫। উচ্চ জ্বরের লক্ষণগুলো লেখো।

উত্তরঃ উচ্চ জ্বরে শিশুর মধ্যে যেসকল লক্ষণগুলো প্রকাশ পায় তাহলো।

ক. খিচুনি চেহারায় অস্বাভাবিকতা

খ. শ্বাসক্রিয়া ও নাড়ির গতিবৃদ্ধি।

গ. অজ্ঞান হয়ে যাওয়া

ঘ. ঘন ঘন বমি ও পাতলা মলত্যাগ।

